

ভক্তি ও ভালোবাসার প্রতি বিশ্বস্ত মানুষেরা

॥ মহিবুল আহসান ॥


বাংলাদেশের প্রত্যন্ত একটি গ্রাম বেলতলি। রাত তখন গভীর। আধ্যাত্মিক সাধনায় মত্ত ভক্তকুল। বাউল ভক্তিগীতি বা জিকিরের তালে তালে মাতোয়ারা হাজারো পাগলা বাবার আশিক। লেংটা বাবার দোয়ায় সকল বালা মসিবত থেকে উদ্ধার পাবে, পূরণ হবে মনের সকল আশা - মনে এরকম একটি বদ্ধমূল বিশ্বাস নিয়ে সবাই যখন 'আই ছি লেংটা, যামু লেংটা; দোহাই লেংটা' জিকিরে মাতোয়ারা ঠিক তখনই হঠাৎ আকাশ অন্ধকার করে সব কিছু গ্রাস করলো বাংলাদেশের সেই চির চেনা কাল বৈশাখী। প্রচন্ড ঝড়ের সাথে আঝোরে বৃষ্টি। দম্কা হাওয়া যখন সব কিছু লম্ব ভন্ড করে দিতে চাইছে, ভক্তরা পেভেলের বাঁশের খুটি, তাবু প্রানপণে আগলে ধরে ঝরের শব্দকে ছাপিয়ে 'দোহাই লেংটা, দেহাই লেংটা বাবার দোহাই' রবে জিকির করে চলেছে। এক সময় সাইফুল ওয়াদুদ হেলাল ক্যামেরার চোখ দিয়ে খুব কাছে থেকে (ক্লোজ শটে) যখন তাবুর কিনার বেয়ে জলের ধারা গড়িয়ে গড়িয়ে নামতে দেখছে তখন বুঝা গেলো ঝড় থেমে এসেছে।

বিশ্বাসের রঙ
COLOR OF FAITH

একটি সাইফুল ওয়াদুদ হেলাল তথ্যচিত্র

মন্ড্রিয়লের কৃতি চলচ্চিত্র নির্মাতা সাইফুল ওয়াদুদ হেলালের সৃজনশীল তথ্য চিত্র ‘বিশ্বাসের রঙ’-এর একটি আগ্রহোদ্দীপক দৃশ্যের আপাতঃ বিষয়টি এরকমই। আর ভিতরের বিষয়টি বর্তমান সময়ের বিজ্ঞান মনষ্ক মানুষকে ততোধিক আবেগ আপ্লুত করে তোলার মতো। ঐ ঝড়ের সময়ে হেলাল বা তার এক আধজন কৌতহলী বন্ধু ছাড়া আর যারা বেলতলির শাহ সোলায়মান লেংটা পীরের মাজের উপস্থিত ছিলো তাদের সবাই বিশ্বাস করে আল্লাহ ঝড় পাঠিয়েছেন আবার লেংটা বাবার দোহাই শুনে ঝড় থামিয়ে দিয়েছেন। ঝড় আসেছ আবার থেমেও গেছে কিন্তু লেংটা বাবার কেরামতি দেখে যে বিশ্বাস সৃষ্টি হয়েছে তা মিলিয়ে যায়নি। অভাব অনটন, যুদ্ধ, দাঙ্গা, ঝড় ঝাপটার সাথে বসবাস করে হাজারো মানুষ হাজার বছর ধরে তাদের বিশ্বাস কে লালন করে চলেছে। বারো আওলিয়ার দেশে বাংলাদেশ। বাংলাদেশের মুসলমানদের সিংহভাগই পীর আওলীয়া, পাগল দরবেশের ভক্ত। পীর-আওলীয়া, পাগল-দরবেশের দোয়ায় সব আশা পূর্ণ হয় - এই বিশ্বাস কেবল মুসলমান সম্প্রদায়েরই নয় অন্য

ধর্মালবন্দী শত সহস্র মানুষের মনে বদ্ধমূল। ধর্মের নামে, ধর্মের জন্য যুদ্ধ করে না, দাঙ্গা বাঁধায় না, রাজনীতি করে না, মানুষ খুন করে না। তাদের কর্ম কৌশল- ‘ভক্তিতেই মুক্তি’। ধর্মীয় সন্ত্রাসবাদের জিকিরে আজক যখন সমগ্র বিশ্ব মাতোয়ারা। বিশ্ব মোড়ল আমেরিকা যখন মুসলিম মৌলবাদী সন্ত্রাসীদের দমনে আধুনিক ধর্মযুদ্ধে উন্মত্ত। ঠিক সেই সময়ে সিংহ ভাগ মানুষ - বিশেষ করে মুসলমানদের যুদ্ধ, দাঙ্গা, সাম্প্রদায়িকতা বিরোধী ধর্মীয় মূলবোধ, ধর্ম বিশ্বাস ও ধর্ম চর্চার বিষয় নিয়ে তৈরী তথ্য চিত্র ‘বিশ্বাসের রঙ’ নিয়ে হেলাল এসেছে মন্ড্রিয়াল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে।





‘বিশ্বাসের রঙ’ নিয়ে মন্ট্রিয়ালের বাংলাদেশী কমিউনিটির গর্ব করার প্রথম কারণটি হলো গত কয়েক বছর ধরে বাংলাদেশের কৃতি চলচ্চিত্রকাররা মন্ট্রিয়াল আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে বাংলাদেশের পতাকাটি উড়িয়ে ছিলেন, হেলাল এবারের উৎসবে একাই সেই লাল সবুজ পতাকাটি ধরে রেখেছেন। কিন্তু ‘বিশ্বাসের রঙ’ শুধু লাল সবুজ পতাকাটি ধরে রাখে নি, হেলাল ছবি তুলে বিশ্ববাসীকে দেখিয়ে দিয়েছে বাংলাদেশের মানুষ-বিশেষ করে মুসলমানরা অন্ধের মতো ধর্মকে, পীর আওলিয়া - ধর্ম প্রচারকদের বিশ্বাস করতে পারে কিন্তু ধর্মের নামে সন্ত্রাসে বিশ্বাস করে না। ধর্ম বিশ্বাসকে ধরে রাখার জন্য অন্য সম্প্রদায় বা ভিন্নমতাবলম্বীদের সাথে যুদ্ধ করার দরকার নেই, দরকার নিজের মনের সাথে, আত্মার সাথে যুদ্ধ করা।

হেলালের তথ্য চিত্র ‘বিশ্বাসের রঙ’ নিয়ে আলোচনা হলেও এটিকে পরিপূর্ণ চিত্র সমালোচনা আমি বলতে চাইনা। কারণ আমি এই লেখায় ছবির টেকনিক্যাল দিক নিয়ে খুব বেশী কিছু আলোচনা করবো না, আমার সে সক্ষমতাও ততটা নেই। আমি শুধু আমার কিছু ভালো লাগার কথা বলতে পারি। হেলালের ক্যামার চোখ দিয়ে যখন ছবির



শুরতেই দেখি একটি ইঞ্জিন নৌকায় গাদাগাদী করে একদল মানুষ -নদীর ধার ঘেঁষে গাঁয়ের পথ ধরে মানুষের মিছিল ছুটছে লেংটা বাবার দরবারে আর সবুজ বনাণীর প্রেক্ষপটে আকাশ ছুঁয়ে পতপত করে উড়ছে লেংটা বাবার টকটকে লাল নিশান, তখন মনে হয় আমি বাংলাদেশকে দেখছি -আমার প্রিয় মাতৃভূমী -প্রানের চেয়ে প্রিয় আমার মাতৃভূমীকে দেখছি । আর একটি দৃশ্য - পাগলার মেলায় আসা এক নারী ভক্ত ঝকঝকে দুপুরে গোসল করে দিগন্তপ্রসারী সবুজ মাঠে ভেজা শাড়ী শুকাতে দিয়ে পাশেই বাউল ভক্তিগীতির তালে মনপ্রান উজার করে নাচছে । আমি যেন সবুজের বুকে লাল সূর্যটিকেই দেখলাম । বাংলার সূর্য সন্তানরাতো এমনই সহজ সরল, ভক্তিতে উচ্ছল । সেখানে ধর্ম আছে ধর্মীয় গোড়ামী নেই । সব শেষে, সেই প্রচন্ড ঝড়ের মধ্যে গ্রামের মাঠে হালকা তাবুর মধ্যে জড়সড় হয়ে হেলাল ঝড়ের যে ছবি তুলেছে সেটাই বুঝিয়ে দেয় হেলাল জড় ক্যামেরায়ও প্রান সঞ্চার করতে পারে । হেলালের আগামীদিনের সৃষ্টি আরো প্রানময় হয়ে উঠুক ।

বিশ্বাসের রঙ / পরিচালনা: সাইফুল ওয়াদুদ হেলাল

একটি মীরা মিডিয়া বাংলাদেশ প্রযোজনা

